~~The Daily Star~~

দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 JUL 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ইংরেজি ভার্সনে মির্জাপুর ক্যাডেট কলেজে

## শতভাগ জিপিএ-৫

■ মির্জাপুর(টাঙ্গাইল) সংবাদদাতা

২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় ইংরেজি ভার্সনে টাঙ্গাইলের মির্জাপুর ক্যাডেট কলেজই সেরা ফলাফল অর্জন করেছে। এবছর এই ক্যাডেট কলেজ থেকে ৪৭ জন ক্যাডেট বিজ্ঞান বিভাগ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে শতভাগ পাস জিপিএ-৫ ও গোল্ডেন প্লাস পেয়ে চমক দেখিয়েছে। অতীতের মত তাদের এ ধারাবাহিক সাফল্য অক্ষুন্ন থাকায় কৃতজ্ঞতা জানিয়েছেন ক্যাডেট কলেজ কর্তৃপক্ষ, শিক্ষক ও অভিভাবক মহল। গত রবিবার এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের পর মির্জাপুর ক্যাডেট কলেজ ক্যাম্পাসে শিক্ষার্থী, শিক্ষকমণ্ডলী ও অভিভাবকদের মধ্যে এক বাঁধভাঙা আনন্দের জোয়ার বইছে। ক্যাডেট কলেজ ক্যাম্পাসে গিয়ে দেখা গেছে, শিক্ষার্থীদের উল্লাস। ক্যাডেট কলেজের অধ্যক্ষ মোঃ ওহিদুর রহমান, অ্যাডজুট্যান্টস মেজর আব্দুল মালেক ও ভাইস প্রিন্সিপাল অলোক কুমার সাহা এ বছরের এইচএসসি পরীক্ষার ফলাফলে সন্তোষ প্রকাশ করেছেন। ক্যাডেট কলেজের অধ্যক্ষ মোঃ ওহিদুর রহমান জানান, মির্জাপুর ক্যাডেট কলেজ একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। ক্যাডেট কলেজে দক্ষ পরিচালনা পরিষদের সদস্য ও শিক্ষকদের অক্লান্ত শ্রমের ফলে ক্যাডেটদের সুশৃঙ্খল,আদর্শ-সুনাগরিক হিসেবে গড়ে তোলা হয়। পড়াশোনার পাশাপাশি এখানে ক্যাডেটদের বিভিন্ন আধুনিক ও যুগোপযোগী শিক্ষায় শিক্ষিত করা হয়। ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় তারা তাদের মেধার স্বাক্ষর বহন করেছে। এজন্য ক্যাডেট কলেজ কর্তৃপক্ষ তাদের কাছে কৃতজ্ঞ।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...
তারিখ...

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর